# সোনালী ব্যাংক পিএলসি.

নলডাংগা হাট শাখা ,নাটোর

মোবাঃ-০১৭৭৭-৭৯২৪৮৩


## অর্থঋণ আদালত আইন ২০০৩ (সংশোধন ২০১০) এর ১২ (৩) ধারা মোতাবেক প্রাপ্ত বন্ধকী সম্পত্তির ১ম নিলাম বিজ্ঞপ্তি।

ঋণগ্রহীতা/ঋণগ্রহীতা প্রতিষ্ঠানের নাম ও ঠিকানাঃ আছির ডেইরী ফার্ম, প্রোঃ জনাব মোঃ আছির উদ্দিন, পিতা- মোঃ ফকির চান, গ্রামঃ রায়সিংহপুর, ডাকঘরঃ ভাঙ্গাপাড়া,থানাঃ নলডাঙ্গা, জেলাঃ নাটোর। ব্যবসায়িক ঠিকানাঃ আছির ডেইরী ফার্ম, প্রোঃ জনাব মোঃ আছির উদ্দিন, পিতা- মোঃ ফকির চান, গ্রামঃ রায়সিংহপুর, ডাকঘরঃ ভাঙ্গাপাড়া,থানাঃ নলডাঙ্গা, জেলাঃ নাটোর।

এই মর্মে সর্ব সাধারণের অবগতির জন্য জানানো যাইতেছে যে, অত্র শাখা হতে উপরোক্ত ঋণগ্রহীতা/ঋণগ্রহীতা প্রতিষ্ঠানের ঋণ হিসাবে ২১/০৪/২০২৫ তারিখ ভিত্তিক ব্যাংকের পাওনা = ৬,০৮,৩৯৯/- (ছয় লক্ষ আট হাজার তিনশত নিরানব্বই) টাকা এবং আদায়কালতক অনারোপিত সুদসহ আন্যান্য পাওনাদি আদায়ের নিমিত্ত অত্র শাখার অনুকূলে বন্ধকীকৃত নিম্ন বর্ণিত হাইপোঃ/প্লেজকৃত মালামাল (যেখানে যে অবস্থায় রহিয়েছে)/বন্ধকীকৃত স্থাবর সম্পত্তি (নির্মানাদিসহ) অর্থ ঋণ আদালত আইন ২০০৩ (সংশোধন ২০১০) এর ১২ (৩) ধারার বিধান মোতাবেক প্রাপ্ত সম্পত্তি নিলামে বিক্রয় করা হইবে। নিলাম ক্রয়ে আগ্রহী ক্রেতাগণের নিকট হতে নিম্ন বর্ণিত শর্তাবলীতে সীল মোহরকৃত দরপত্র আহবান করা যাইতেছে।

" বন্ধকীকৃত সম্পত্তির তফশীল "

জেলা- নাটোর, থানা- নলডাংগা, মৌজা- ভূষণগাছা, জেএল নং- সাবেক- ২৫৫ ,হাল-২০৫

| খতিয়ান নং | | | | দাগ নং | | | | অবস্থান | জমির পরিমান |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| সিএস | এস.এ. | আর.এস. | প্রস্তাবিত | সিএস দাগ | এসএ দাগ | আরএস দাগ | রকম | | |
| ৫৪ | ১১৯ | ৩৫৭ | ৭৯৭ | ১৩৫০ | ১৩৫০ | ১৯৮৯ | ধানী | পিপরুল ইঃ পিঃ | ০.১০০০ একর |
| ১০২ | ৩৭ | ১৯৭ | ৭৯৭ | ১৩৫১ | ১৩৫১ | ১৯৯০ | ধানী | পিপরুল ইঃ পিঃ | ০.১০০০ একর |
| ১৫ | ৫১ | ২৮৪ | ৭৯৭ | ১৩৫২ | ১৩৫২ | ১৯৯১ | ধানী | পিপরুল ইঃ পিঃ | ০.১০০০ একর |
| | | | | | | | | মোট= | ০.৩০০০ একর |

বন্ধকীকৃত সম্পত্তির চৌহদ্দী

| উত্তরে | দক্ষিণে | পূর্বে | পশ্চিমে |
|---|---|---|---|
| বাঁধ | ফকির চান,আজিমুদ্দিন | ফকির চান | আয়নাল |

শর্ত সমূহঃ

১) আগামী ৩০/০৬/২০২৫ তারিখে বেলা ৪.০০ ঘটিকার মধ্যে সোনালী ব্যাংক পিএলসি, নলডাংগা হাট শাখা, নাটোর অথবা প্রিন্সিপাল অফিস, নাটোর এ রক্ষিত বাক্সে দরপত্র জমা দিতে হবে। ঐ দিনই বেলা ৪.১৫ ঘটিকার সময় দরপত্র দাতাদের সামনে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র বাক্স খোলা হইবে। দরপত্র সরাসরি বা রেজিস্ট্রি ডাকযোগে প্রেরণ করা যাইবে। রেজিস্ট্রি ডাকযোগে প্রেরণের ক্ষেত্রে তাহা অবশ্যই উক্ত নির্ধারিত তারিখ ও সময়ের মধ্যে শাখা অথবা প্রিন্সিপাল অফিস, নাটোরে পৌছাইতে হবে।

২) দরপত্র সীলমোরকৃত খামে এবং খামের উপর স্পষ্ট অক্ষরে "বন্ধকী সম্পত্তি ক্রয়ের দরপত্র" লিখিয়া দাখিল করিতে হইবে। দরপত্রে দর দাতার নাম, পিতার/স্বামীর নাম, ঠিকানা, টেলিফোন/মোবাইল নম্বর এবং প্রস্তাবিত একক প্রতি দর ও মোট মূল্য অথবা গুদামে মজুদ সমূদয় মালামাল (যেখানে যে অবস্থায় রহিয়াছে)/ সম্পত্তির মোট প্রস্তাবিত মূল্য উল্লেখ করিতে হইবে।

৩) দরপত্র দাখিল করিবার সময় প্রযোজ্য আর্নেষ্টমানি ও মূল্য পরিশোধের সময়সীমা নিম্নোক্ত ছকে দেওয়া হইলোঃ

| | আর্নেষ্টমানি/ জামানতের পরিমান | অবশিষ্ট মূল্য পরিশোধের সময়সীমা |
|---|---|---|
| ক | উদ্বৃত দর ১০.০০ লক্ষ টাকা পর্যন্ত দরপত্র মূল্যের ২০% | দরপত্র গৃহিত হইবার পরবর্তী ৩০ কর্মদিবসের মধ্যে |
| খ | উদ্বৃত দর ১০.০১ লক্ষ টাকা হতে ৫০.০০ লক্ষ পর্যন্ত মূল্যের ১৫% | দরপত্র গৃহিত হইবার পরবর্তী ৬০ কর্মদিবসের মধ্যে |
| গ | উদ্বৃত দর ৫০ লক্ষ টাকার অধিক হলে দরপত্র মূল্যের ১০% | দরপত্র গৃহিত হইবার পরবর্তী ৯০ কর্মদিবসের মধ্যে |

৪) দাখিলকৃত দরপত্রে উল্লেখিত অবশিষ্টমূল্য নির্ধারিত সময়সীমার মধ্যে পরিশোধে ব্যর্থতায় সর্বোচ্চ দরদাতার জামানত বাজেয়াপ্ত হইলে দ্বিতীয় সর্বোচ্চ-দরদাতা কর্তৃক উদ্ধৃত দর এবং পূর্বে বাজেয়াপ্তকৃত জামানতের অর্থ একত্রে সর্বোচ্চ দরদাতা কতৃর্ক উদ্ধৃত দর অপেক্ষা কম না হইলে, উক্ত দ্বিতীয় সর্বোচ্চ দরদাতাকে মালামাল/সম্পত্তি খরিদ করিতে আহবান করা হইবে; এবং দ্বিতীয় সর্বোচ্চ দরদাতা (আহুত হইবার পর ০৩ নং অনুচ্ছেদে নির্ধারিত সময়সীমার মধ্যে) সম্পূর্ণ মূল্য পরিশোধ করিবেন এবং তাহা করিতে ব্যর্থ হইলে তাহার জামানত ও বাজেয়াপ্ত করা হইবে। বাজেয়াপ্তকৃত জামানতের টাকা উক্ত দাবীকৃত টাকার সহিত সমন্বয় করা হইবে।

৫) দরপত্রে উল্লেখিত মালামাল/তফসিলভুক্ত সম্পত্তির প্রস্তাবকৃত মূল্য অস্বাভাবিক ভাবে অপর্যাপ্ত বা কম প্রতীয়মান হইলে কর্তৃপক্ষ দরপত্র বাতিল করিতে পারিবে।

৬) দরপত্র দাতা এক বা একাধিক তফসিলে বর্ণিত সম্পত্তি ক্রয়ের জন্য দরপত্র জমাদিতে পরিবেন। তবে একক তফসিল ভুক্ত সম্পত্তির আংশিক দরপত্র গ্রহণযোগ্য হইবেনা।

৭) নিলাম ক্রেতা কর্তৃক সমূদয়মূল্য পরিশোধের পর প্রয়োজনীয় আইনানুগ আনুষ্ঠানিকতা সম্পাদান সাপেক্ষে নিলাম ক্রেতার অনুকূলে মালামাল/সম্পত্তি হস্তান্তর করা হইবে। নিলাম ক্রেতাকে মালামাল হস্তান্তরের/সম্পত্তির রেজিষ্ট্রেশন, দখল সংক্রান্ত যাবতীয় ব্যয়বহন করিতে হইবে। প্রস্তাবকৃত মূল্যের উপর প্রদেয় মূল্য সংযোজন কর দরপত্র দাতাকে বহন করিতে হইবে।

৮) ঋণগ্রহীতা/প্রতিষ্ঠানের নিকট নিলামতব্য সম্পত্তি/মালামাল সংক্রান্ত সরকারী কর/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের কোন দাবী/পাওনা যথা বিদ্যুৎ বিল, পানির বিল, পৌরকর, ভূমিকর ইত্যাদি বকেয়া থাকিলে তাহা নিলাম ক্রেতাকে বহন করিতে হইবে।

৯) কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো কিংবা দর্শানো ব্যতিরেকেই যে কোন দরপত্র গ্রহণ বা বাতিল করিবার ক্ষমতা সংরক্ষণ করে।

১০) দরপত্র গৃহিত না হইলে দরপত্র দাতাকে জামানতের টাকা সর্বোচ্চ ৩(তিন) কর্মদিবসের মধ্যে ফেরত দেওয়া হইবে।

১১) নিলাম অংশ গ্রহণে ইচ্ছুক ব্যক্তিগণ বন্ধকী সম্পত্তি সম্পর্কে বিস্তারিত তথ্যের জন্য নিম্নস্বাক্ষরকারীর সহিত যোগাযোগ করিতে পারিবেন।

স্বাক্ষর-

নামঃ- উৎপল কুমার মজুমদার

ম্যানেজার (পিও)

মোবা-০১৭৭৭-৭৯২৪৮৩

উৎপল কুমার মজুমদার

ম্যানেজার (প্রিন্সিপাল অফিসার)

জি-৪১৪২৮